গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
(প্রশাসন শাখা)
www.doict.gov.bd

**"সত্য মিথ্যা যাচাই আগে ইন্টারনেটে শেয়ার পরে"**

স্মারক নং-৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৭.১৯-১৫৮৮

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ২৬ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়: আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে "ডিজিটাল বাংলাদেশ দিবস২০১৯" উদযাপন সংক্রান্ত।**

সূত্র: আইসিটি বিভাগের গত ০৩/১১/২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশব্যাপী বর্ণাঢ্যভাবে ৩য় বারের মত **"ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯"** উদ্‌যাপিত হবে। এবারের দিবসটি উদ্‌যাপন উপলক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনা এমপি** সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এবারের দিবসের প্রতিপাদ্য **"সত্য মিথ্যা যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে"**।

০২। এমতবস্থায়, আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ মাঠপর্যায়ে **"ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯"** সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে সংযুক্ত করণীয় অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি: মাঠপর্যায়ের করণীয়।**

এ. বি. এম. আরশাদ হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০-২-৮১৮১১০০ (অফিস)
ই-মেইল: dg@doict.gov.bd

**বিতরণ:**

১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, ..........................................................................।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................................................।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (আইসিটি অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা ও সভাপতি, মাঠপর্যায়ের কার্যক্রম মনিটরিং উপ-কমিটি, ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯।
৩। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। পরিচালক (অর্থ ও প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৬। উপসচিব (আইসিটি প্রমোশন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর
৮। সদয় অবগতির জন্য)।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। উপ-পরিচালক (অর্থ/ প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন / সিস্টেম ও প্রশিক্ষণ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১। সিস্টেমস ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১২। জেলা শিক্ষা অফিসার, .......................................................... (ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের র‍্যালি এবং ছাত্র-ছাত্রী বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৩। প্রোগ্রামার, ..........................................................................।
১৪। সহকারী প্রোগ্রামার, ..........................................................................।
১৫। উপজেলা শিক্ষা অফিসার, .......................................................... (ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের র‍্যালি এবং ছাত্র-ছাত্রী বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১৭। অফিস নথি / মাস্টার ফাইল।

# ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯

## মাঠ পর্যায়ের করণীয়

"সত্য মিথ্যা যাচাই আগে
ইন্টারনেটে শেয়ার পরে"

১। **প্রতিপাদ্য:** "ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯" এর প্রতিপাদ্য

**"সত্য মিথ্যা যাচাই আগে**
**ইন্টারনেটে শেয়ার পরে"**

২। **বাজেট বরাদ্দ ও ব্যয়:**

(ক) বিভাগীয় শহরে **"কনসার্ট ফর ডিজিটাল বাংলাদেশ"** আয়োজনের নিমিত্ত বিভাগীয় কমিশনার বরাবর ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে;

(খ) জেলা ও উপজেলা পর্যায়ে বর্ণাঢ্য র‍্যালি, সেমিনার, চিত্রাংকন, প্রেজেন্টেশন, রচনা ও কুইজ প্রতিযোগিতা আয়োজনের জন্য জেলা পর্যায়ে জেলা প্রশাসক বরাবর ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বরাবর ২০,০০০/- (বিশ হাজার) টাকা বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে; এবং

(গ) বরাদ্দকৃত অর্থ সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক আইসিটি অধিদপ্তর কর্তৃক প্রেরিত নির্দেশনা মোতাবেক ব্যয় করতে হবে।

৩। **উদ্‌যাপন কমিটি গঠন:**

(ক) জেলা পর্যায়ে জেলা প্রশাসক সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি ও শিক্ষা)-কে আহ্বায়ক এবং প্রোগ্রামার বা সহকারী প্রোগ্রামারকে সদস্য সচিব করে ০৭ বা ০৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে দিবস সংশ্লিষ্ট কার্যক্রম নির্বাহ করবেন (প্রয়োজনে সদস্য সংখ্যা বাড়ানো বা কমানো যেতে পারে)। উল্লেখ্য, গঠিত উদ্‌যাপন কমিটি জেলা পর্যায়ে আইসিটি বিষয়ক জেলা কমিটি/ফোরাম এর সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট কার্যক্রম নির্বাহ করবেন; এবং

(খ) উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার নিজে আহ্বায়ক এবং সংশ্লিষ্ট সহকারী প্রোগ্রামারকে সদস্য-সচিব করে ০৭ বা ০৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে দিবস সংশ্লিষ্ট কার্যক্রম নির্বাহ করবেন (প্রয়োজনে সদস্য সংখ্যা বাড়ানো বা কমানো যেতে পারে)। উল্লেখ্য, গঠিত উদ্‌যাপন কমিটি উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক উপজেলা কমিটি/ফোরাম এর সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট কার্যক্রম নির্বাহ করবেন;

৪। **কনসার্ট ফর ডিজিটাল বাংলাদেশ আয়োজন:** বিভাগীয় কমিশনারগণ (ঢাকা ব্যতীত) দিবসটিকে স্মরণীয় রাখার জন্য প্রথমত স্টেডিয়ামে অন্যথায় সুবিধাজনক স্থানে একটি মনোজ্ঞ কনসার্ট (কনসার্ট ফর ডিজিটাল বাংলাদেশ) আয়োজন করবেন। কনসার্ট ফর ডিজিটাল বাংলাদেশ আয়োজনে সিআরআই সার্বিকভাবে সহযোগিতা প্রদান করবে।

৫। **ব্র্যান্ডিং ও প্রচার:** বিভাগীয় কমিশনারগণ (ঢাকা ব্যতীত), জেলা প্রশাসকগণ, উপজেলা নির্বাহী অফিসারগণ (সদর উপজেলা ব্যতীত) নিম্নরূপভাবে ব্র্যান্ডিং ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

(ক) দিবসটি উপলক্ষে অনুমোদিত ডিজাইনসমূহ অনুসরণপূর্বক ব্র্যান্ডিং ও প্রচার;

(খ) অগ্রিম প্রচারের নিমিত্ত বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে ব্যানার প্রদর্শন; এবং

(গ) বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের ফেসবুক পেজ-এর মাধ্যমে প্রচার।

৬। **মূল অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার:** বিভাগীয় কমিশনারগণ (ঢাকা ব্যতীত), জেলা প্রশাসকগণ, উপজেলা নির্বাহী অফিসারগণ (সদর উপজেলা ব্যতীত) দিবসের মূল অনুষ্ঠানটি প্রজেক্টরের মাধ্যমে সরাসরি সকাল ১০:০০ ঘটিকা হতে যথাক্রমে বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে একযোগে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। **বর্ণাঢ্য র‍্যালি আয়োজন:** জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ সংশ্লিষ্ট জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নরূপভাবে বর্ণাঢ্য র‍্যালি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

| ক্রম | পর্যায় | কার্যক্রম | বিষয় | টার্গেটেড গ্রুপ |
|---|---|---|---|---|
| ১। | জেলা পর্যায় (৬৪টি) | র‍্যালী | ডিজিটাল বাংলাদেশের সফলতার প্ল্যাকার্ড, প্রতিপাদ্যের প্ল্যাকার্ড ও দিবসের ব্যানার | মাননীয় সংসদ সদস্যসহ অন্যান্য সকল জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও কর্মচারী, স্টেকহোল্ডার (আইসিটি খাত), সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, অন্যান্য উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট সকল |
| ২। | উপজেলা পর্যায় (৪৩২টি) (সদর উপজেলা ব্যতীত) | | | |

এ. বি. এম. আরশাদ হোসেন
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭

৮। **সেমিনার আয়োজন:** জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ সংশ্লিষ্ট জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নরূপভাবে সেমিনার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

| ক্রম | পর্যায় | কার্যক্রম | বিষয় | টার্গেটেড গ্রুপ |
|---|---|---|---|---|
| ১। | জেলা পর্যায় (৬৪টি) | সেমিনার | প্রতিপাদ্যের উপর "সত্য মিথ্যা যাচাই আগে ইন্টারনেটে শেয়ার পরে" | মাননীয় সংসদ সদস্যসহ অন্যান্য সকল জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও কর্মচারী, স্টেকহোল্ডার (আইসিটি খাত), সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ইউডিসিসহ অন্যান্য উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট সকল |
| ২। | উপজেলা পর্যায় (৪৩২টি) (সদর উপজেলা ব্যতীত) | | | |

৯। **প্রতিযোগিতা আয়োজন:** বিভাগীয় কমিশনারগণ, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ দিবস উপলক্ষে নিম্নরূপভাবে সেমিনার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

| ক্রম | পর্যায় | কার্যক্রম/ প্রতিযোগিতা | বিষয় | টার্গেটেড গ্রুপ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | বিশ্ববিদ্যালয় পর্যায় (৮৮টি) | বিতর্ক | প্রতিপাদ্যের উপর | বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী | বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৩৪,০০০/- টাকা হারে বাজেট প্রেরণ করা হয়েছে। বিভাগীয় কমিশনারগণ, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ উক্ত প্রতিযোগিতা আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা ও মনিটরিং করবেন। সিআরআই এর সার্বিকভাবে সহযোগিতায় বিশ্ববিদ্যালয় পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। |
| | জেলা পর্যায় (৬৪টি) | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন | আমার দেখা ডিজিটাল বাংলাদেশ (৮-১০ স্লাইড) | উচ্চ মাধ্যমিক ও তদুর্ধ্ব শ্রেণি | |
| | | রচনা | ডিজিটাল বাংলাদেশ/ প্রতিপাদ্যের উপর | ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি | |
| ২। | উপজেলা পর্যায় (৪৩২টি) (সদর উপজেলা ব্যতীত) | কুইজ | ডিজিটাল বাংলাদেশ/ | ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি | |
| | | চিত্রাংকন | আমার চোখে ডিজিটাল বাংলাদেশ | ১ম হতে ৫ম শ্রেণি | |

১০। **টি-শার্ট ও ক্যাপ বিতরণ:** জেলা পর্যায়ে ১০০টি করে মোট ৬৪০০টি টি-শার্ট ও ক্যাপ বরাদ্দ রয়েছে। সরবরাহকৃত টি-শার্ট ও ক্যাপগুলোর যথাযত ব্যবহার নিশ্চিত করতে হবে।

১১। **অগ্রিম প্রচার:** অগ্রিম প্রচারের নিমিত্ত জেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে ব্যানার প্রদর্শন করতে হবে।

১২। **প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণ:** জেলা কার্যালয়ে কর্মরত প্রোগ্রামার ও উপজেলা কার্যালয়ে কর্মরত সহকারী প্রোগ্রামারগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শ অনুযায়ী দিবসের সকল কার্যক্রম পালন করবেন।

১৩। **তথ্য সংগ্রহ:** সংশ্লিষ্ট প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণ সংযুক্ত ছক (পরিশিষ্ট-'ক' ও 'খ') অনুযায়ী তথ্য সংগ্রহ করবেন।

এ. বি. এম. আরশাদ হোসেন
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭

১৪। **ওয়েবসাইট:** আইসিটি অধিদপ্তরের ওয়েবসাইট (www.doict.gov.bd)-এ ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯ শীর্ষক মেন্যুতে বাজেট সংক্রান্ত পত্র, কার্যবিবরণী ও নির্দেশিকা এর সফটকপি (PDF/DOC), তথ্য প্রেরণের ছক (Google Form) সহ সকল ডিজাইনসমূহের সফটকপি (JPG, AI ও EPS) পাওয়া যাবে।

১৫। **যোগাযোগ:** "ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯" আয়োজন উপলক্ষে সার্বিকভাবে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ দায়িত্ব পালন করবেন।

| | | |
|---|---|---|
| **সমন্বয়ক** | : | জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী<br>অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| **ফোকাল পয়েন্ট** | : | জনাব মোঃ ফিরোজ সরকার<br>উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>মোবাইল: ০১৭১১১৯৭০৮৮ |
| **সহকারী ফোকাল পয়েন্ট** | : | সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ<br>সহকারী প্রোগ্রামার (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>মোবাইল: ০১৯১৮১০১৮৮৫ |
| **আর্থিক বিষয়ে তথ্য কর্মকর্তা** | : | জনাব মোঃ শরীফুল ইসলাম<br>সহকারী পরিচালক (অর্থ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>মোবাইল: ০১৭১৩৪৯৪৬৬১, ০১৫৫০০২৮২১৯ |
| **ইমেইল ঠিকানা** | : | dbd2019.secretariat@gmail.com |
| **কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর** | : | ৫৫০০৬৯১২, ৫৫০০৬৮১১ |

২৮/১১/১৯

এ. বি. এম. আরশাদ হোসেন
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭